

দুর্নীতি দমন কমিশন  
প্রধান কার্যালয়  
ঢাকা  
www.acc.org.bd

নং ০৪.০১.০০০০.১০৪.৭২.০৫.১৯-৪৮৮৫৬

তারিখ: ১৮/১২/২০১৯

অফিস আদেশ

দুর্নীতি দমন কমিশনের শূন্য পদের বিপরীতে নিম্নলিখিত ব্যক্তিকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে জাতীয় বেতন স্কেল ২০১৫-এর গ্রেড-১৬ টাকা ৯৩০০-২২৪৯০ বেতনক্রমে দুর্নীতি দমন কমিশনের 'ক্যাশিয়ার' পদে নিয়োগ করা হলো:

ক্রমিক নম্বর	প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম এবং স্থায়ী ঠিকানা
১.	মোহাম্মদ এনামুল হক রিপন, পিতা: মোহাম্মদ আনোয়ার হোসেন, মাতা: ফাতেমা বেগম, গ্রাম: কুড়িপাইকা, ডাকঘর: হাতিরদিয়া, উপজেলা: মনোহরদী, জেলা: নরসিংদী।

শর্তাবলী:

- (ক) যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে;
- (খ) দুর্নীতি দমন কমিশন (কর্মচারী) চাকুরী বিধিমালা, ২০০৮-এর ৭(১)(ক) বিধি অনুযায়ী নিয়োগপ্রাপ্ত কর্মচারীগণ নিয়োগের তারিখ হতে ০২ (দুই) বৎসরের জন্য শিক্ষানবিশ থাকবেন;
- (গ) শিক্ষানবিশকালীন দুর্নীতি দমন কমিশন (কর্মচারী) চাকুরী বিধিমালা, ২০০৮-এর ৭(২)(ক) এবং ৫৪ (১) ধারা অনুযায়ী কমিশন যে কোন শিক্ষানবিশের চাকুরির অবসান ঘটাতে পারবে;
- (ঘ) দুর্নীতি দমন কমিশন (কর্মচারী) চাকুরী বিধিমালা, ২০০৮-এর ৭(৩) বিধি অনুযায়ী শিক্ষানবিশকালে সন্তোষজনকভাবে দায়িত্ব পালনে সরকার ও কমিশন কর্তৃক সময় সময় জারিকৃত অন্যান্য শর্তাবলী পূরণ ও কর্তৃপক্ষের সন্তুষ্টি সাপেক্ষে কমিশনের বিধি মোতাবেক চাকুরি স্থায়ী করা হবে;
- (ঙ) নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে কমিশন/সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং কমিশন/সরকার কর্তৃক নির্ধারিত বিধি-বিধান দ্বারা তার চাকুরি সম্পর্কিত বিষয়াদি নিয়ন্ত্রিত হবে;
- (চ) দুর্নীতি দমন কমিশন (কর্মচারী) চাকুরী বিধিমালা, ২০০৮-এর ৩৮(৬) বিধি অনুযায়ী যোগদানের ০৭(সাত) দিনের মধ্যে নির্দিষ্ট ফরমে নিজ এবং পরিবারের সদস্যগণের সম্পদ বিবরণী কমিশনের সচিব বরাবর দাখিল করতে হবে;
- (ছ) দুর্নীতি দমন কমিশন (কর্মচারী) চাকুরী বিধিমালা, ২০০৮-এর ১৬ বিধি অনুযায়ী জ্যেষ্ঠতা নির্ধারণ করা হবে;
- (জ) সিভিল সার্জনের নিকট হতে সরকারি চাকুরির জন্য শারীরিক উপযুক্ততার প্রত্যয়নপত্র সহকারে যোগদান করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে কিংবা যোগদান পরবর্তীতে তার/তাদের চরিত্র ও অতীত কার্যকলাপ সম্পর্কে যদি পুলিশ কর্তৃক সন্তোষজনক প্রতিবেদন পাওয়া না যায় তাহলে তার/তাদের নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
- (ঝ) দাখিলকৃত সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, মুক্তিযোদ্ধা সনদসহ অন্যান্য সনদের সত্যতা যাচাই করে সন্তোষজনক পাওয়া না গেলে কিংবা ভুয়া বলে প্রমাণিত হলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
- (ঞ) চাকুরিতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;

২। উপরোক্ত শর্তাবলীর আওতায় চাকুরিতে যোগদানে সম্মত হলে আগামী ০১ জানুয়ারি ২০২০ তারিখ সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ১ সেগুনবাগিচা, ঢাকা-১০০০ বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে।

৩। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।

স্বাক্ষরিত/

সারোয়ার মাহমুদ

সচিব (অতিঃ দাঃ)

ফোন: ০২-৯৩৬০১১০

E-mail: secretary@acc.org.bd


৩

নং ০৪.০১.০০০০.১০৪.৭২.০৫.১৯-৪৮৮৫৬(৪৫)

তারিখ: ১৮/১২/২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মহাপরিচালক, দুর্নীতি দমন কমিশন (সকল)।
৫. পরিচালক, দুর্নীতি দমন কমিশন (সকল)।
৬. চেয়ারম্যানের একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, ঢাকা (মাননীয় চেয়ারম্যানের সানুগ্রহ অবগতির জন্য)।
৭. কমিশনার (অনুসন্ধান/তদন্ত)-এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, ঢাকা (মাননীয় কমিশনারের সানুগ্রহ অবগতির জন্য)।
৮. সচিবের একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. সিস্টেম এনালিস্ট, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (আদেশের কপি কমিশনের ওয়েবসাইটের প্রকাশের অনুরোধসহ)।
১০. উপপরিচালক (প্রশাসন/মানবসম্পদ/অর্থ ও হিসাব), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
১১. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১২. জনসংযোগ কর্মকর্তা, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
১৩. সহকারী পরিচালক (অর্থ ও হিসাব), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
১৪. জনাব .....
- .....।
১৫. অফিস নথি/গার্ড নথি/ব্যক্তিগত নথি।



জালাল সাইফুর রহমান  
পরিচালক (প্রশাসন ও মানবসম্পদ)  
ফোন: ০২-৯৩৫২১১৫  
E-mail: d.admin@acc.org.bd